

৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯  
৩০-৭-১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি সন্ত্রাঙ্গালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
পরিকল্পনা-১ শাখা  
www.ictd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
স্বাক্ষর: ২০৭২  
তারিখ: ২৬/০৮/২০

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৩.১৪.০০৯.২১.১৪৯

তারিখ: ৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে নির্মিত “মুজিব ভাই” অ্যানিমেশন মুভির প্রচার/প্রদর্শনী সংক্রান্ত।

সূত্র: “মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের পত্র নং ৫৬.০০.০০০০.০০০.০৪.০১০.১৯-৭০৬২;

তারিখ: ০২ আগস্ট ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একটি জ্ঞান-ভিত্তিক দেশ হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে জাতিকে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন দেখিয়েছিলেন যা এখন বাস্তবে রূপ নিয়েছে। বাংলাদেশের স্বাধীনতার ৫০তম বছরে ডিজিটাল বাংলাদেশ পূর্ণতা পায়। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ভিশন-২০৪১ বাস্তবায়নে এখন কাজ করছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোবাইল গেম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (৩য় সংশোধিত) প্রকল্পের মাধ্যমে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ অবলম্বনে সম্প্রতি “মুজিব ভাই” অ্যানিমেশন মুভি নির্মাণ করা হয়েছে। ৪৮ মিনিট ১৫ সেকেন্ডের অ্যানিমেশন মুভিটির অনুকূলে গত ২৬ জুন ২০২৩ তারিখে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কর্তৃক সনদপত্র প্রদান করা হয়। “মুজিব ভাই” অ্যানিমেশন মুভির মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর জীবনাদর্শকে ডিজিটাল পদ্ধতিতে নতুন প্রজন্মের কাছে তুলে ধরা ও সংরক্ষণ করা সম্ভব হবে। নতুন প্রজন্মের শিশু-কিশোরদের কাছে বঙ্গবন্ধুর জীবন গল্প পৌঁছে দেয়া ও তাদেরকে জানানোর জন্য অ্যানিমেশন চলচ্চিত্র সবচেয়ে ভালো একটি মাধ্যম। তাছাড়া সহজে সকল বয়সের মানুষের কাছে বঙ্গবন্ধুর জীবনাদর্শ উপস্থাপন করার অন্যতম মাধ্যমও এটি। দেশের জনসাধারণ ও নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের প্রতি উদ্বুদ্ধ করতে অ্যানিমেশন মুভিটি বিশেষ অবদান রাখবে। অ্যানিমেশন চলচ্চিত্রে এবং অ্যানিমেশন শিল্পে দেশের তরুণদের উদ্বুদ্ধ করতে সর্বোপরি দেশের অ্যানিমেশন শিল্পকে এগিয়ে নিতে এ মুভি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ৩০ জুন ২০২৩ থেকে মুভিটি বিভিন্ন ওটিটি প্ল্যাটফর্মে প্রচারিত হচ্ছে এবং আগস্ট ২০২৩ মাসে বিভিন্ন টিভি চ্যানেলে প্রচারিত হচ্ছে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানে বিভিন্ন প্রচার মাধ্যমে মুভিটি প্রচার/প্রদর্শন করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে নির্মিত “মুজিব ভাই” অ্যানিমেশন মুভিটি দেশের সকল জেলা-উপজেলা পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ জাতীয় দিবস ও অনুষ্ঠানে প্রচার/প্রদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-০৮-২০২৩

সাবিনা রওশন

উপসচিব

০২-৪১০২৪০৩৫

nasrin.sultana@ictd.gov.bd

বিতরণ (ছ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৩। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
- ৪। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয় এবং
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৩.১৪.০০৯.২১.১৪৯/১ (৪)

৫ ভাদ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ২। উপসচিব, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
- ৪। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালক এর দপ্তর, মোবাইল গেমস ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প।



২২-০৮-২০২৩  
সাবিনা রওশন  
উপসচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) Mujib vai